

শোক বার্তা

সাবেক প্রধান বিচারপতি, মাননীয় বিচারপতি জনাব মোঃ রুহুল আমিন অদ্য ২৪ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখ রোজ রবিবার রাত ৪:৩০ ঘটিকায় (শনিবার দিবাগত রাত) সন্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসারত অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি বেশ কিছুদিন যাবৎ বার্ধক্যজনিত বিভিন্ন অসুস্থতার কারণে উক্ত হাসপাতালে চিকিৎসা গ্রহণ করছিলেন।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ মহোদয় মরহমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করেন। আগামী ২৬ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলমার বাদ জোহর বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর মূল ভবনস্থ ইনার কোর্ট ইয়ার্ডে মরহমের জানাজার নামাজ অনুষ্ঠিত হবে। উক্ত জানাজায় বাংলাদেশের প্রধান বিচারপতি মহোদয়সহ বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচারপতিগণ অংশগ্রহণ করবেন।

সুপ্রীম কোর্টের ঐতিহ্য অনুযায়ী সাবেক প্রধান বিচারপতি, মাননীয় বিচারপতি জনাব মোঃ রুহুল আমিন এর স্মৃতির প্রতি প্রতি শ্রদ্ধা জানিয়ে অদ্য (২৪ নভেম্বর, ২০২৪ খ্রি.) বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচারিক কার্যক্রম বন্ধ থাকবে। তবে, সুপ্রীম কোর্ট রেজিস্ট্রির সকল প্রশাসনিক কাজ চলমান থাকবে।

সাবেক প্রধান বিচারপতি, মাননীয় বিচারপতি জনাব মোঃ রুহুল আমিন ১ জুন, ১৯৪১ খ্রিস্টাব্দে লক্ষীপুরের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৬২ সালে রাষ্ট্রবিজ্ঞানে এম.এ. এবং ১৯৬৫ সালে এলএল.বি. ডিগ্রী অর্জন করেন। ১৯৬৬ সালে তিনি তৎকালীন পূর্ব পাকিস্তান হাইকোর্টের আইনজীবী হিসেবে এবং পরবর্তীতে ১৯৮১ সালে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন।

তিনি ১৮ ফেব্রুয়ারি, ১৯৯২ খ্রি. তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি হিসেবে নিযুক্ত হন এবং ১১ জানুয়ারি ২০০১ খ্রি. তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারপতি হিসেবে যোগদান করেন।

সাবেক প্রধান বিচারপতি, মাননীয় বিচারপতি জনাব মোঃ রুহুল আমিন বাংলাদেশের ১৫তম প্রধান বিচারপতি হিসেবে ১ মার্চ ২০০৭ খ্রি. তারিখ হতে ৩১ মে ২০০৮ খ্রি. তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ আইনের জগতের এক উজ্জ্বল নক্ষত্রকে হারালো।